**বারিধারা ডিওএইচএস পরিষদ**

**ঢাকা সেনানিবাস**

**নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী**

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ১০ম সভা ২৭ জুন ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঙ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| চ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| ছ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| জ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| ঝ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঞ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ট। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) | - সদস্য |
| ঠ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ঢ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ণ। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবঃ) | - সদস্য |
| ত। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) | - সদস্য |
| থ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |
| দ। | কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত** | |
| • বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে দু'আ করেন। আজকের সভার আলোচনা ও সিদ্ধান্তগুলি ভাল যেন ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এ জন্য আল্লাহ্‌র দরবারে দোয়া কামনা করেন। এছাড়া যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্মরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকল রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দু'আ করেন। | সেক্রেটারী |

<table>
<tr>
<td>

**<u>আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য</u>**

উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ১০তম সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানান এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার শুরুতেই জানান যে, " অদ্যকার সভায় আলোচ্যসূচি বেশী নেই তাই রাত ১১টা মধ্যে সভা সমাপ্ত করার জন্য সবাইকে অনুরোধ করেন"। প্রেসিডেন্ট বলেন এখন যেহেতু পরিষদ অফিসে ২টি Conference Room আছে তাই পরিষদের বিভিন্ন সাব-কমিটি সভার জন্য ২টি Conference Roomই ব্যবহার করা যাবে। অনুরোধের পরিপ্রেক্ষিতে, শুধুমাত্র দ্বিতীয় Conference Room টি সভার সেমিনারের জন্য ভাড়াও প্রদান করা হবে। ভাড়ার হার ইসির অনুমোদনক্রমে নির্ধারণ করা হবে। প্রেসিডেন্ট উল্লেখ করেন যে, পরিষদ অফিসের পুরাতন মটর সাইকেলটি বেশ ভাল মূল্যে বিক্রি করা হয়েছে তদস্থলে ১টি নতুন মটর সাইকেল ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত মটর সাইকেলটি শুধুমাত্র অফিসিয়াল কর্মকান্ডে ব্যবহৃত হবে। এছাড়াও নিম্নেবর্ণিত বিষয়ে সকল ইসি সদস্যকে অবহিত করেন :-

ক। ফিটনেস সেন্টারে Vertical Extension জন্য একটি রির্পোটি/প্রস্তাব ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি এর নিকট হস্তান্তর করা হয়েছে। এ ব্যাপারে গঠিত কমিটি সর্বনিম্ন রেয়াত সুবিধা ও প্রতিমাসে কিছু অর্থ প্রদানে সম্মত আহবানকারীর সাথে আলোচনা (Negotiation) করে সিদ্ধান্ত গ্রহন করবেন যা আগামী ইসি সভায় উপস্থান করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করার জন্য পেশ করতে হবে। একটি বিস্তারিত পূর্নাঙ্গ চুক্তিপত্র প্রনয়ন করা হবে যেখানে পরিষদের স্বার্থের বিষয়টি গুরুত্ব পাবে।

খ। সুইমিং পুল এর ব্যাপারে স্টেশন কমান্ডারের নেতৃত্বে গঠিত কমিটি বিভিন্ন দিক পর্যালোচনা করে সুইমিং পুল নির্মাণের ব্যাপারে সেনাসদরে একটি বোর্ড প্রোসেডিং প্রেরণ করবেন মর্মে পরিষদ প্রতিনিধি ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন, মেম্বার এ্যাডমিন সকলকে জ্ঞাত করেন।

গ। কনভেনশন সেন্টার এলাকায় দেয়ালে/ওয়ালে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা কর্তৃক টাইলস্ লাগানোর কাজ চলমান রয়েছে। কাজ সমাপ্ত হলে কনভেনশন সেন্টার এলাকার সৌন্দর্য্য বৃদ্ধি পাবে।

ঘ। পরিষদের বিভিন্ন তথ্য সকলের অবগতির জন্য পুকুর পাড় সিএসডি এলাকায় ১টি নোটিশ বোর্ড রয়েছে যা বহু পুরাতন। নতুন ভাবে ২টি নোটিশ বোর্ড নির্মাণ করার জন্য সেক্রেটারীকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করার জন্য অনুরোধ জানান। একটি নোটিশ বোর্ড পরিষদ এলাকায় নির্মাণ করা হবে।

ঙ। প্রেসিডেন্ট জানান যে, ইর্স্টাণ রোর্ডের কার্পেটিং কাজ বৈরী আবহাওয়া কারনে বিলম্ব হচ্ছে। আবহাওয়ার উন্নতি হলে খুব শীঘ্রই ইর্স্টাণ রোর্ডের কার্পেটিং শুরু হবে বলে ক্যান্টনমেন্ট বোর্ড ইঞ্জিনিয়ার জানান। এ ব্যাপারে যোগাযোগ অব্যহত রয়েছে।

এরপর প্রেসিডেন্ট সেক্রেটোরী মহোদয়কে মূল আলোচ্যসূচীতে যাওয়ার জন্য অনুরোধ জানান।

</td>
<td>

সকল ইসি সদস্যবৃন্দ

সংশ্লিষ্ট কমিটি

</td>
</tr>
</table>

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৯ম সভার কার্যবিবরণী অনুমোদন**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৯ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৯ম সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। নিম্নবর্নিত পয়েন্ট এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচী - ২ এর ঙ ঃ** কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ), জয়েন্ট সেক্রেটারী, গত দূর্গা পুজার বকেয়া টাকার আদায়ের ব্যাপারে অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ ব্যাপারে পূজা কমিটির সভাপতি ও তাদের প্রতিনিধি এবং পরিষদ প্রেসিডেন্ট ও ইসি সদস্যদের সমন্বয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্ন বর্নিত সিদ্ধান্ত গৃহিত হয় এবং সে অনুযায়ী পূজা কমিটি সকল বকেয়া বিল পরিশোধ করেন ঃ<br><br>ক। **হল চার্জ ও ভ্যাট** - পূজার জন্য ব্যবহৃত হল গুলির ভাড়া অত্র ডিওএইচএস বসবাসরত মেম্বারদের জন্য নির্ধারিত হারে ধার্য করা হবে।<br><br>খ। **ইউটিলিটি চার্জ** - পূর্বের নির্ধারিত রেটে চার্জ করা হবে এবং লনের পূজা মন্ডব এর জন্য মিটার অনুযায়ী খরচের পরিমান নির্ধারন করা হবে।<br><br>গ। **লন ভাড়া ও সার্ভিস চার্জ** - সর্বমোট ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) নির্ধারিত যা পূজা কমিটি এবং পরিষদের আলোচনা সাপেক্ষে করা হয়েছে । ডেকোরেটর এর সাথে পূজা কমিটি আলাদা ভাবে আলোচনা করে ডেকোরেটরের প্রাপ্য নির্ধারন করবেন।<br><br>**আলোচ্যসূচী - ৮ প্রসংগে ঃ** ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ), সদস্য জানান যে, ১৩ নং রোডের পশ্চিমাংশের দক্ষিন পার্শ্বে সামনে ব্যাগ ভর্তি ময়লা আর্বজনা/রাবিশ স্তুপ করে রাখে এবং তা অপসারনের কোন ব্যবস্থা এখনও নেয়া হয়নি। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন অবহিত করেন যে, এটা একটি চলমান প্রক্রিয়া; আগের থেকে উন্নিত হয়েছে এবং পর্যায়ক্রমে সকল ময়লা আর্বজনা/রাবিশ অপসারন করা হবে।<br><br>পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ), ইসি সদস্য প্রস্তাব করেন এবং কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট সমর্থন করেন। ৯ম ইসি সভার কার্যবিবরনী অনুমোদিত হলো। | কনভেনার কনভেনশন সেন্টার সাব-কমিটি |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক মে ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের মে ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং ব্যালেন্সশীট সম্পর্কে বিস্তারিতভাবে সকলকে অবহিত করেন। মে মাসে আয়ের থেকে ব্যয় বেশী হয়েছে এর কারণ সম্পর্কে কিছু সদস্য জানতে চান। এ ব্যাপারে ট্রেজারার খরচের হিসাব বিস্তারিত তুলে ধরেন। যেহেত ঈদের বোনাস এবং একই মাসে ২টি বেতন প্রদান ইত্যাদি। উক্ত আর্থিক খরচে কোন ধরণের পর্যবেক্ষন না থাকায় অনুমোদনের জন্য কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট প্রস্তাব করেন। লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অঃ), মেম্বার সিকিউরিটি তা সমর্থন করেন। ফলে মে ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৫ ঃ Approval of proposed salaries policy of Porishod employees to be effective from 01 July 2026.**<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে কোন আলোচনা ব্যতিরেকেই বেতন-ভাতা বৃদ্ধি সময়োপযোগী বিবেচিত হওয়ায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয় যা ০১ জুলাই ২০২৬ থেকে কার্যকরী হবে। | সেক্রেটারী, ট্রেজারার |
| **আলোচ্যসূচি- ০৬ ঃ সিকিউরিটি এন্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব-কমিটি ৪র্থ সভার কার্যবিবরনী তারিখ ১৫ জুন ২০২৬ উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** সিকিউরিটি এন্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব-কমিটি ৪র্থ সভার কার্যবিবরনী মতামত সিদ্ধান্তগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সুপারিশ এবং সিদ্ধান্তগুলি সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, সেক্রেটারী ও ট্রেজারার |
| **আলোচ্যসূচি- ০৭ ঃ ডিওএইচএস অভ্যন্তরে রিক্সা চলাচল, গার্বেজ ও হকার ঠিকাদার চুক্তির মেয়াদ শেষে পুনরায় ১ বৎসরের জন্য মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন এর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>ডিওএইচএস অভ্যন্তরে রিক্সা চলাচল, গার্বেজ ও হকার ঠিকাদার চুক্তির মেয়াদ শেষে পুনরায় ১ বৎসরের জন্য মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন এর উপর বিস্তারিত আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত নেয়া হয়।<br><br>ক। কাঙ্খিত মান বজায় রাখার কারনে গার্বেজ অপসারণ ঠিকাদার এর বর্তমান চুক্তির শর্ত অনুযায়ী চুক্তির মেয়াদ ১ বছর বর্ধিত করা হলো। নতুন চুক্তি পত্রে পূর্বের সকল শর্তসমূহ লিপিবদ্ধ থাকবে।<br><br>খ। হকার ঠিকাদারদের বর্তমান চুক্তির শর্ত অনুযায়ী চুক্তির মেয়াদ ১ বছর বর্ধিত করা হলো। নতুন চুক্তি পত্রে পূর্বের সকল শর্তসমূহ লিপিবদ্ধ থাকবে এবং নতুন কিছু শর্ত আরোপিত হতে পারে।<br><br>গ। ডিওএইচএস অভ্যন্তরে রিক্সা চলাচলের চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হলো না। টেন্ডার কমিটির মাধ্যমে নতুনভাবে দরপত্র আহবান করা হবে। উল্লেখ্য যে, পেমেন্ট এর ব্যাপারে অনিয়মিত হওয়ার কারেন রিক্সা ঠিকাদার মোঃ মাসুদ রানা নয়নকে টেন্ডারে অংশগ্রহন করতে দেয়া যুক্তিযুক্ত হবে না। নিম্নবর্ণিত টেন্ডার কমিটি গঠন করা হলো ঃ<br><br>সভাপতি ঃ গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ)<br>সদস্য - ১ ঃ কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ)<br>সদস্য - ২ ঃ মেজর জাফরউল্লাহ খান (অবঃ)<br>সদস্য - ৩ ঃ মিসেস পারভীন যোবায়দা<br><br>উক্ত কমিটি যথাশীঘ্র টেন্ডারের সকল কার্যক্রম গ্রহন করবেন। এ ব্যাপারে সেক্রেটারীয়েট শাখা থেকে সকল ধরনের সহযোহিতা প্রদান করা হবে। আগামী ইসি সভায় সকল কার্যক্রম শেষে সুপারিশ প্রেরণ করবেন। | সেক্রেটারী ও সংশ্লিষ্ট কমিটি |
| **আলোচ্যসূচি- ০৮ ঃ Procurement of 20 Members mouth speakers with recording system for the main conf room.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদ মেইন কনফারেন্স রুমের জন্য নতুন ভালোমানের ২০সেট স্পিকার রেকডারসহ ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও উক্ত স্পিকার রেকডারসহ ক্রয়ের জন্য ক্রয় কমিটি গুনগত মান নির্ণয় ও পন্য পছন্দের জন্য প্রেসিডেন্ট এবং টেকনিক্যাল সহায়তার জন্য এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) এবং ক্রয় স্বচ্ছতা নিশ্চিত করার জন্য কর্ণেল জয়নুল আবেদীন (অবঃ) সরজমিনে মার্কেটে গমন করবেন। | প্রেসিডেন্ট, প্রকিউরমেন্ট ও পারচেজ সাব-কমিটি ও সংশ্লিষ্ট সকল |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৯ ঃ Decision may be taken about DOHS Picnic-2026.**<br><br>**সিদ্ধান্ত ঃ** প্রতি বছরের ন্যায় এবারও অত্র এলাকার বাসিন্দাদের নিয়ে পিকনিক উদযাপন করার জন্য সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এখন থেকে ভাল লোকেশনে পিকনিক স্পট বুকিং করার ব্যবস্থা গ্রহন করবেন। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১০ ঃ বারিধারা ডিওএইচএস প্রাঙ্গনে বৈদ্যুতিক যানবাহন (EV) চার্জিং স্টেশন স্থাপনের প্রস্তাবের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত** ঃ উপযুক্ত ও পর্যাপ্ত স্থান না থাকায় বিষয়টি অনুমোদিত হয়নি। | |
| **আলোচ্যসূচি- ১১ ঃ Col Muhammad Wali Ullah (Retd), Vice President.**<br><br>১। **ফ্ল্যাট ওনার্স এ্যাসোসিয়েশন নীতিমালার ধারা সংশোধন প্রসঙ্গে ঃ** বারিধারা ডিওএইচএস পরিষদ নীতিমালা আর্টিকেল-৭৬ এর আলোকে পত্র নং ডিওএইচএস-বা/১০০/পলিসি তারিখ ১৯ ডিসেম্বর ২০২৬ এর অনুচ্ছেদ-১(ঘ) এ উল্লেখিত .............**"সার্ভিস চার্জ বাড়ীতে বসবাসরত পরিবারের মধ্যে সমভাবে ধার্য্য করা হবে"** ...........এর পরিবর্তে **"প্লটে বসবাসরত ফ্ল্যাটের মধ্যে সার্ভিস চার্জ সমভাবে বন্টন/ধার্য্য করা হবে"** লিখে সংশোধন করা হলে স্পষ্টিকরণ হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, পরিষদ কর্তৃক পূর্বে প্রকাশিত এ ধরনের সকল নীতিমালা বাতিল করে নতুনভাবে এই প্রস্তাবগুলো সংযোজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে এডিআর সাব-কমিটি একটি নীতিমালা প্রনয়ন করে আগামী ইসি সভায় অনুমোদন গ্রহন করিবেন।<br><br>২। **অভিযুক্ত গৃহকর্মী/কেয়ারটেকার/ড্রাইভারকে অন্য বাসায় নিযুক্ত না করা এবং Blacklisted কোম্পানীকে অন্য বাসায় ভাড়া না দেয়া) প্রসঙ্গে ঃ** পরিলক্ষিত হচ্ছে যে, অত্র ডিওএইচএস এর এক বাসার গৃহকর্মী/কেয়ারটেকার /ড্রাইভারকে বিভিন্ন অভিযোগ/শৃঙ্খলাজনিত কারণে চাকুরীচ্যুত করলে অন্য বাসায় তাদেরকে নিযুক্ত করা হচ্ছে, যা অত্র ডিওএইচএস এলাকার শুধু নির্দেশের পরিপন্থিই নয় উপরোন্ত ফ্ল্যাটক্রেতাদের ভাড়াটিয়াদের নিকট পরিষদের সুনাম ক্ষুন্ন করছে। এছাড়া এ ধরণের কেয়ারটেকার কর্তৃক অভদ্র ব্যবহার, মালামাল চুরিসহ অন্যান্য কারণে প্লট ও ফ্ল্যাট মালিকের মধ্যে সৌহার্দ্য ব্যহত হচ্ছে। তাই একবার শৃঙ্খলা বহির্ভূত কারণে চাকুরীচ্যুত/বহিস্কৃত কোন গৃহকর্মী/কেয়ারটেকার/ড্রাইভারকে অন্য বাসায় নিয়োগ না করা। এছাড়া অভিজ্ঞতা সম্পন্ন কেয়ারটেকার শৃঙ্খলাজনিত কারণ ছাড়া অব্যাহতি প্রাপ্ত হলে সেক্ষেত্রে পূর্বের মালিকের সাথে যোগাযোগ করে ছাড়পত্র নেয়ার অনুরোধ করা। এ বিষয়ে অত্র পরিষদে Blacklisted লোক বা কোম্পানীর নামও এতে সংরক্ষিত রাখা যায়। এরা ঐ সকল কোম্পানী যাদের এক বাসা হতে উচ্ছেদ করার কিছুদিন পর অত্র ডিওএইচএস এর অন্য বাসায় কার্যক্রম আরম্ভ করে। এতে কেহ কোন তথ্য জানতে চাইলে তাৎক্ষণিকভাবেই জানানো যাবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, অভিযুক্ত গৃহকর্মী/কেয়ারটেকার/ড্রাইভারকে অন্য বাসায় নিযুক্ত না করা এবং Blacklisted তালিকা ডাটা বেইজ সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ সিদ্ধান্ত ভাড়াটিয়া ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হবে। ডিওএইচএস এলাকায় চাকুরীরত সকল ড্রাইভার, কেয়ারটেকার, সিকিউরিটি গার্ড এবং গৃহকর্মীকে পরিষদ হতে অবশ্যই আইডি কার্ড নিতে হবে অন্যথায় ডিওএইচএস এলাকায় প্রবেশ করতে দেয়া হবে না। এ নির্দেশনা ১৫ জুলাই ২০২৬ থেকে কার্যকরী হবে। এ ব্যাপার অগ্রগতি পরবর্তী সভায় সংশিষ্ট ইসি সদস্য সদস্যগণকে এবং অনান্য সদস্যদের জানাতে অনুরোধ করা হলো। | ভাইস প্রেসিডেন্ট<br><br>মেম্বার সিকিউরিটি ও কনভেনার, আইটি সাব-কমিটি |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১২ ঃ Discussion on points raised by Capt M Omar Faruque (G) psc, BN.** | |
| ক। **কনভেনশন সেন্টারের নামাজের স্থানে সিলিং ফ্যান লাগানো ঃ** কনভেনশন সেন্টারে ছোট পরিসরে নামাজের ব্যবস্থা আছে। বেশী মুসল্লির সমাগম হলে সামনের খোলা জায়গায় নামাজ পড়তে হয়। ঐ স্থানে ৩/৪টি সিলিং ফ্যান লাগানো হলে, ইবাদতকারীগন গরম থেকে পরিত্রান পাবে। বারিধারা ডিওএইচএস জামে মসজিদের নীচতলার ফ্যানগুলি পরিবর্তন করা হচ্ছে। ঐ পুরাতন ফ্যানগুলি থেকে কয়েকটি সিলিং ফ্যান নামাজের স্থানের সামনের খোলা জায়গায় স্থাপন করা যেতে পারে।<br>**সিদ্ধান্ত ঃ** কনভেনশন সেন্টারের নামাজের স্থানে সিলিং ফ্যান লাগানো ইসি কর্তৃক অনুমোদিত হয়নি। তবে জামে মসজিদে রক্ষিত পুরাতন ফ্যান লাগানো যেতে পারে। | |
| খ। **নিরাপত্তা প্রহরীদের পোষাক ও র‌্যাংক ব্যাচ প্রসঙ্গে।** নিরাপত্তা প্রহরীদের বিভিন্ন পদবীর জন্য কাঁধে র‌্যাংক ব্যাচের প্রচলন রয়েছে। তবে পোষাকের পরিবর্তনের সাথে সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ সোলডার ব্যাচগুলি ঠিকভাবে পরিধান করে না। অধিকন্তু কর্তব্যরত অবস্থায় কেউ কেউ নেইমটালীও ব্যবহার করতে অনিহা প্রকাশ করে। পোষাক ও বৈধ র‌্যাংক ব্যাচ যথাযথভাবে ব্যবহার করা উচিৎ।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, নিরাপত্তা প্রহরীদের পোষাক ও র‌্যাংক ব্যাচ অবশ্যই পরতে হবে। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি সকল নিরাপত্তা প্রহরীকে নির্দেশনা প্রদান করবেন। নির্দেশনা অমান্য করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করবেন। | মেম্বার সিকিউরিটি |
| গ। **কর্তব্যরত অবস্থায় টাস/স্মার্ট ফোন ব্যবহার করা প্রসঙ্গে ঃ** ডিউটিরত অবস্থায় টাস/স্মার্ট ফোন ব্যবহার করলে নিরাপত্তা প্রহরীরা তাদের কর্তব্য সঠিকভাবে পালন করতে পারে না। ইহাতে অমনোযোগী হয়ে কর্তব্য অবহেলা করে। জরুরী কথা বলা/সংবাদ আদান প্রদান ব্যতীত টাস/স্মার্ট ফোন ব্যবহার নিরাপত্তা প্রহরীদের জন্য নিষিদ্ধ ও সীমিত করা দরকার।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এখন হতে ডিউটিরত অবস্থায় নিরাপত্তা প্রহরীরা কোন অবস্থায়ই টাস/স্মার্ট ফোন ব্যবহার না করার সিদ্ধান্ত গৃহিত হয়। জরুরী প্রয়োজনে চীফ সুপারভাইজার এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। | মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ১৩ ঃ Discussion on points raised by Air Cdre SMG Yazdani, psc, PhD.** | |
| ক। প্লট/ফ্ল্যাট মালিকগণ, বিভিন্ন অপরাধে ড্রাইভার, গার্ড এবং কাজের বুয়াকে দায়িত্ব হতে অব্যাহতি দিলে তারা অন্য বাসায় কাজে যোগদান করে। এছাড়াও ইদানি পরিলক্ষিত হচ্ছে যে, ড্রাইভার ও সিকিউরিটি গার্ডগণ নেশাকর দ্রব্যে আশক্ত হয়ে বিভিন্ন অপরাধমূলক কাজে লিপ্ত হচ্ছে। বিষয়টি পরিষদের ইসি কর্তৃক আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এখন হতে এ সকল লোকদের ডাটা বেইজ তৈরার সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে কনভেনার, আইটি এবং কমিউনিকেশন সাব-কমিটি ডাটা এন্টি অপারেটরকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন। | কনভেনার, আইটি সাব-কমিটি |
| খ। ড্রাইভার, গার্ড এবং কাজের বুয়ার জন্য নিরাপত্তা পাশের ব্যবস্থা গ্রহণ করলে বর্তমান নিরাপত্তা জোরদার হবে। ছবিসহ আইডি কার্ড প্রতি বাৎসরিক ১০০.০০ (একশত) টাকা করে চার্জ করলে পরিষদে নিরাপত্তা ফান্ডে কিছু টাকা জমা থাকবে যা দিয়ে নিরাপত্তা সংক্রান্ত ক্রাইসিস ম্যানেজমেন্ট করা যাবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** এই পদ্ধতি পূর্বে থেকে চালু আছে। আরও গুরুত্ব প্রদান করতে হবে। | মেম্বার সিকিউরিটি |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১৪ ঃ Any other business**<br><br>ক।    ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট বারিধারা ডিওএইচএস পরিষদ মেইন অফিসে এসি স্থাপন করার সুপারিশ করেন। উল্লেখ্য, অত্র ডিওএইচএস এর অনেক বাসিন্দাগন বিভিন্ন সময়ে কাজে অফিসে আসেন এবং এসি না থাকায় গরমে অস্বস্তি প্রকাশ করেন। বর্তমানে মেইন অফিস (সেক্রেটারীয়েট অফিস) ব্যতীত সকল শাখা অফিসে এসি রয়েছে। তাই মেইন অফিস (সেক্রেটারীয়েট অফিস) এ এসির ব্যবস্থা করা প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, বিষয়টি গুরুত্বপূর্ণ ও জরুরী বলে বিবেচিত হওয়ায় যথাশীঘ্র সম্ভব পরিষদ সেক্রেটারী এবং কনভেনার, প্রকিউরমেন্ট ও পারচেজ সাব-কমিটি কর্তৃক ২টি ২ টনের জেনারেল/কেরিয়ার ব্রান্ডের এসি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন যা সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | সেক্রেটারী ও কনভেনার, প্রকিউরমেন্ট ও পারচেজ সাব-কমিটি |
| **আলোচ্যসূচি-১৫ ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ** আগামী ২৫ জুলাই ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৬ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৭ জুলাই ২০২৬

**অনুমোদনক্রমে -**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৭ জুলাই ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা